



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাচলাইশ, চট্টগ্রাম।

কলেজ শাখা

E-mail : ic@bise-ctg.gov.bd. Website: www.bise-ctg.gov.bd



১৩/১৫
২৪
২৫ ০২ ২০২২

তারিখ : ০৭/০২/২০২২খ্রি:


২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীর অনলাইন ভর্তি ব্যতিত ম্যানুয়ালী ভর্তি করা হবে না
এবং ওয়েবসাইটে নির্দেশনাবলী অনুসরণ সংক্রান্ত

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন সকল কলেজ / স্কুল এণ্ড কলেজ এর অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের পুনরায় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ওয়েবসাইট (www.xiclassadmission.gov.bd)-এর নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে। ভর্তি নীতিমালা-২০২১ এর ৬.০ অনুচ্ছেদ অনুসারে “অনলাইন ব্যতিত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না”। উল্লেখ, ভর্তি সংক্রান্ত নীতিমালা ও নির্দেশনা সংক্রান্ত বিজ্ঞপ্তি ইতিপূর্বেও বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়াও ভর্তি সংক্রান্ত কার্যক্রমের জন্য অত্রবোর্ডের ওয়েব সাইটে (www.bise-ctg.gov.bd)-এ প্রদত্ত বিজ্ঞপ্তি ও নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি : একাদশ ভর্তি নীতিমালা-২০২১ এর ৬.০ অনুচ্ছেদ।

 ৭/২/২২

(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

চট্টগ্রাম।

৬.০ ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:

ক্রমিক	বিষয়	তারিখ
৬.১	ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃ নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)	০৮/০১/২০২২ (শনিবার) থেকে ১৫/০১/২০২২ (শনিবার)
৬.২	আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি	১৭/০১/২০২২ (সোমবার) থেকে ২১/০১/২০২২ (শুক্রবার)
৬.৩	শুমারাত্ত পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	২১/০১/২০২২ (শনিবার) থেকে ২৩/০১/২০২২ (রবিবার)
৬.৪	পছন্দক্রম পরিবর্তনের সময়	আবেদনের তারিখ থেকে ২৪/০১/২০২২ (সোমবার)
৬.৫	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	২৯/০১/২০২২ (শনিবার রাত ৮:০০ টায়)
৬.৬	শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	৩০/০১/২০২২ (রবিবার) থেকে ০৬/০২/২০২২ (রবিবার)
৬.৭	২য় পর্যায়ে আবেদন গ্রহণ	০৭/০২/২০২২ (সোমবার) থেকে ০৮/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০ পর্যন্ত)
৬.৮	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	১০/০২/২০২২ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়)
৬.৯	২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১০/০২/২০২২ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়)
৬.১০	২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)	১১/০২/২০২২ (শুক্রবার) থেকে ১২/০২/২০২২ (শনিবার রাত ৮:০০ পর্যন্ত)
৬.১১	৩য় পর্যায়ে আবেদন গ্রহণ	১৩/০২/২০২২ (রবিবার)
৬.১২	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	১৫/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০ টায়)
৬.১৩	৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১৫/০২/২০২২ (মঙ্গলবার রাত ৮:০০ টায়)
৬.১৪	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	১৬/০২/২০২২ (বুধবার) থেকে ১৭/০২/২০২২ (বৃহস্পতিবার)
৬.১৫	ভর্তি	১৯/০২/২০২২ (শনিবার) থেকে ২৪/০২/২০২২ (বৃহস্পতিবার)
৬.১৬	ক্লাস শুরু	২মার্চ, ২০২২ (বুধবার)

**** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।

৭.০ বিষয় ও গ্রুপ পরিবর্তন এবং কলেজ/সমমানের প্রতিষ্ঠান পরিবর্তন:

- ৭.১ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ছাড়া একাদশ শ্রেণিতে ভর্তিকৃত কোন ছাত্র/ছাত্রীর ছাড়পত্র ইস্যু করা যাবে না। কিংবা বোর্ডের পূর্বানুমতি ব্যতীত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ছাড়পত্রের বরাদ্দে ভর্তি করা যাবে না। ছাড়পত্রের (ট্রান্স) মাধ্যমে ভর্তির ক্ষেত্রে কলেজ/সমমানের প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে এ ধরনের ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ প্রয়োজনীয় কাগজ-পত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

হুমায়ুন